



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
এশিয়া-১ অধিশাখা  
শের-ই-বাংলা নগর, ঢাকা।  
[www.erd.gov.bd](http://www.erd.gov.bd)




### প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০১ মার্চ ২০২১

গত ২৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ সরকার ও Asian Infrastructure Investment Bank (AIIB) এর মধ্যে ‘Bangladesh COVID-19 Emergency and Crisis Response Facility Project’ প্রকল্পের জন্য ৩০০ (তিনশত) মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে মির্জা ফাতিমা ইয়াসমিন, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং AIIB’র পক্ষে Mr. D.J. Pandian, Vice President, Investment Operations Region 1 ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।

অর্থ বিভাগের উদ্যোগে গৃহীত এ প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা বাংলাদেশ ব্যাংক। এ ঋণের উদ্দেশ্য হচ্ছে কোভিড-১৯ সৃষ্ট বৈশ্বিক মহামারীর প্রভাব মোকাবেলায় সরকার ঘোষিত প্রণোদনা কর্মসূচির (Stimulus package) আওতায় গৃহীত কার্যক্রমের জন্য বাজেট সহায়তা প্রদান। এ প্যাকেজের অংশ হিসেবে বৈশ্বিক মহামারীর প্রভাব হতে ক্ষুদ্র ও মাঝারী শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান এবং কুটির শিল্পকে পুনরুদ্ধারে সহায়তা করার জন্য সরকার এসএমই ও কুটির শিল্পগুলোকে স্বল্প সুদে ঋণ দেয়ার ঘোষণা দিয়েছে। এ কার্যক্রমে সরাসরি অর্থ সহায়তা প্রদানের মাধ্যমে AIIB হতে প্রাপ্ত এ ঋণের উদ্দেশ্য বাস্তবায়িত হবে।

AIIB হতে প্রাপ্ত এ ঋণ ০৩ বছরের গ্রেস পিরিয়ডসহ ০৮ বছরে পরিশোধযোগ্য। বর্ণিত ঋণের সুদের হার ০.৮৪% এবং ফ্রন্ট এন্ড ফি হিসেবে ০.২৫% এবং কমিটমেন্ট ফি হিসেবে অব্যয়িত অর্থের ০.২৫% পরিশোধ করতে হবে।

  
কাওসার জাহান  
উপসচিব  
ফোন: ৯১৮০৮৭৬